জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং-জয়পৌরস/প্রকৌঃ/২০২০-২০২১/ ৭৬৪ তারিখঃ ০২/০৫/২০২১ খ্রি:

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১০/০৫/২০২১ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। শিশুদের জন্য বিনোদন কেন্দ্র বা শিশু পার্ক নির্মাণে সুপারিশ করণ প্রসঙ্গে।
৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..............................................................

..............................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১০-০৫-২০২১ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পৌসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পৌস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পৌসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জয়পৌস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ শিশুদের জন্য বিনোদন কেন্দ্র বা শিশু পার্ক নির্মাণে সুপারিশ করণ প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, শিশুদের মানসিক বিকাশের জন্য বিনোদন কেন্দ্র ও শিশু পার্ক নির্মাণ বিশেষ প্রয়োজন। কারণ মানুষের দ্রুততম বিকাশ হয় শৈশবের শুরুতে। জন্মের পর থেকে আট বছর বয়স পর্যন্ত থাকে বিকাশের এই পর্ব। আলোচনায় কমিটির সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আমি যতদূর জানি মেয়র মহোদয় পৌর এলাকার মধ্যে একটি শিশু পার্ক নির্মাণ করার বিষয়ে চেষ্টা করে যাচ্ছেন। তাছাড়া তিনি নির্বাচনী প্রচারণার সময় পৌর এলাকায় একটি শিশু পার্ক নির্মাণ করার বিষয়ে জনগনকে প্রতিশ্রুতি দেন। আলোচ্য বিষয়ে সভাপতি আবারও বলেন, পৌরসভার মধ্যে শিশু পার্ক তেমন নাই, যদিও একটি শিশু পার্ক হিসেবে আছে তা বেসরকারী বা ব্যক্তি মালিকানায় হওয়ায়, প্রবেশ থেকে শুরু করে প্রতিটি রাইড এ উঠার জন্য মূল্য পরিশোধ করতে হয়। যাতে অনেক পরিবারের পক্ষে বাচ্চাদের নিয়ে যাওয়া সম্ভব হয়না। তাই পৌরসভার পক্ষ থেকে যদি আপাততঃ একটি শিশু পার্ক নির্মাণ করা হয়, তাহলে পৌর এলাকার সকল স্তরের শিশুদের বিনোদনের সুযোগ সৃষ্টি হবে। বিষয়টি নিয়ে অন্যান্য সদস্যদের মধ্যেও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ শিশুদের সঠিকভাবে মানসিক বিকাশের জন্য পৌরসভা হতে আপাততঃ একটি শিশু পার্ক নির্মাণের প্রয়োজনীয়তা ব্যাপারে সভাপতি সহ অন্যান্য সদস্যরা পৌর পরিষদের সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

আলোচ্য সূচী-৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে।

আলোচনাঃ জয়পুরহাট পৌরসভার ২০২০-২০২১ অর্থ বছরের জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার রাজস্ব খাত হতে পৌর এলাকার দরিদ্র পরিবারের নারী শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই সহ অন্যান্য শিক্ষা সামগ্রী বিতরন করার লক্ষ্যে শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে মেয়র মহোদয়ের অনুমোদন সাপেক্ষে শিক্ষা সামগ্রী বিতরনের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, এটি একটি ভাল উদ্যোগ। শিক্ষা সামগ্রী বিতরনের মাধ্যমে দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য বলেন, আমরা জানি সরকার বিনামূল্যে ১০ শ্রেনী পর্যন্ত বই বিতরন করে। তাহলে পৌরসভা থেকে বই দেওয়ার কি দরকার। বিষয়টি আলোকপাত কালে কমিটিতে সহায়তা কারী মোঃ দেওয়ান ইকবাল হোসেন বলেন, সরকার যে বই গুলো দেয় তাছাড়াও কিছু গ্রামার বই এবং একাদশ শ্রেনীতে অধ্যায়নরত দরিদ্র শিক্ষার্থীদের বই এর জন্য আবেদনের প্রেক্ষিতে মেয়র মহোদয় বই ক্রয় করে বিতরন করেন।

সিদ্ধান্ত ঃ- দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী বিতরনের উদ্যোগ একটি খুব ভাল উদ্যোগ, তাদের তালিকা প্রস্তুত সহ বিতরন কাজে এ কমিটির পক্ষথেকে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/ ৯৪১ তারিখ ঃ ১০/০৫/২০২১ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৫/২০২১ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |